**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**

**বাংলাদেশ সচিবালয়**

**ঢাকা**

# সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ৩০ আগস্ট ২০১৬, ১৫ ভাদ্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সন্ত্রাসের বিরুদ্ধে এক সঙ্গে লড়তে চায় যুক্তরাষ্ট্র

: প্রধানমন্ত্রীর সঙ্গে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জন কেরির বৈঠক

২। মন্ত্রিসভায় জেলা পরিষদ আইনের খসড়া অনুমোদন

৩। প্রধানমন্ত্রী আইডি স্মার্টকার্ড উদ্বোধন করবেন আগামী ২ অক্টোবর

৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৃটিশ প্রতিমন্ত্রীর সাক্ষাৎ

বাংলাদেশে যুক্তরাজ্যের বিনিয়োগ বাড়াতে প্রধানমন্ত্রীর আহ্বান

৫। ধর্মনিরপেক্ষতার অর্থ ধর্মহীনতা নয় : তথ্যমন্ত্রী

৬।	রাজধানী থেকে কোরবানির বর্জ্য ৪৮ ঘন্টার মধ্যে অপসারণ হবে

: ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র

৭।	তিন তথ্য কর্মচারীকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অনুদানের চেক হস্তান্তর

৮।	যুদ্ধাপরাধের মামলায় মীর কাসেমের রিভিউ আবেদনের রায় আজ

৯।	কলকাতায় বাংলাদেশ বইমেলা আগামী ১ সেপ্টেম্বর থেকে শুরু

১০।	কল ড্রপে বছরে গ্রাহকদের ক্ষতি সাড়ে ৩০০ কোটি টাকা

১১।	পোশাক শ্রমিকদের কল্যাণ তহবিলে টাকা জমা দিচ্ছে না ৪৬ ব্যাংক

: বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

চলমান পাতা-২

১। **সন্ত্রাসের বিরুদ্ধে এক সঙ্গে লড়তে চায় যুক্তরাষ্ট্র**
**: প্রধানমন্ত্রীর সঙ্গে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জন কেরির বৈঠক**

সন্ত্রাসের বিরুদ্ধে লড়াইয়ে বাংলাদেশের সঙ্গে একযোগে কাজ করার আগ্রহ প্রকাশ করে এ ব্যাপারে বিশেষজ্ঞ সহযোগিতা প্রদানের প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্র। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী জন কেরি গতকাল ২৯ আগস্ট সোমবার দুপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎকালে এ প্রস্তাব দেন। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এ বিষয়ে ব্রিফ করেন। দুই নেতার মধ্যে অত্যন্ত সৌহাদ্যপূর্ণ ও আন্তরিক পরিবেশে অনুষ্ঠিত প্রায় এক ঘণ্টার দ্বি-পাক্ষিক বৈঠকে পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট সকল বিষয়ে আলোচনা হয়। প্রধানমন্ত্রী সন্ত্রাসের বিরুদ্ধে সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন। তিনি যুক্তরাষ্ট্রের বাজারে অস্ত্র ছাড়া সব ধরনের বাংলাদেশি পণ্যের ‘শুল্ক ও কোটামুক্ত’ প্রবেশাধিকার চেয়েছেন। একই সঙ্গে বাংলাদেশে বিনিয়োগবান্ধব পরিবেশ থাকার বিষয়টি উল্লেখ করে প্রধানমন্ত্রী বাংলাদেশে যুক্তরাষ্ট্রের আরো বিনিয়োগ করার আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **যুগান্তর, সংবাদ, প্রথম আলো, জনকণ্ঠ, সমকাল, অবজারভার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, ডেইলি স্টার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**ইত্তেফাক, জনকণ্ঠ, সমকাল, প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, ডেইলি সান, ডেইলি স্টার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **মন্ত্রিসভায় জেলা পরিষদ আইনের খসড়া অনুমোদন**

ফৌজদারী মামলায় গ্রেফতার বা আদালত ফৌজদারি মামলার অভিযোগপত্র গ্রহণ করলে জেলা পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের সাময়িক বরখাস্ত করা যাবে। নির্বাচনী আচরণবিধি লঙ্ঘণ করলেও শাস্তি পেতে হবে প্রার্থীদের। তবে চেয়ারম্যানের অনুপস্থিতিতে সরকার মনোনীত কোনো ব্যক্তিকে এই দায়িত্ব দেওয়া যাবে-এমন সুযোগ রেখে ‘জেলা পরিষদ আইন-২০১৬’ খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। অর্থাৎ জনপ্রতিনিধিদের ভোটে জেলা পরিষদে পরোক্ষ নির্বাচন হলেও চেয়ারম্যান পদে সরকার যে কাউকে নিয়োগ দিতে পারবে। গতকাল ২৯ আগস্ট সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৫)।

৩। **প্রধানমন্ত্রী আইডি স্মার্টকার্ড উদ্বোধন করবেন আগামী ২ অক্টোবর**

আগামী ২ অক্টোবর থেকে শুরু হচ্ছে উন্নতমানের জাতীয় পরিচয়পত্র স্মার্টকার্ডের বিতরণ কার্যক্রম। ওইদিন ওসমানী স্মৃতি মিলনায়তনে এ কার্যক্রমের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর উদ্বোধনের পর নাগরিকদের হাতে স্মার্টকার্ড তুলে দেওয়া হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশন সচিব সিরাজুল ইসলাম। তিনি বলেন, ইতোমধ্যে স্মার্টকার্ড কার্যক্রমের উদ্বোধনের জন্য প্রধানমন্ত্রীর সম্মতি পাওয়া গেছে। তিনি জানান, প্রাথমিকভাবে ঢাকা মহানগরী ও একটি প্রত্যন্ত এলাকাকে স্মার্টকার্ড বিতরণের জন্য বেছে নেওয়া হবে। ডিসেম্বর নাগাদ সব নাগরিকের হাতে স্মার্টাকার্ড পৌঁছে দেওয়া হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.২)।

**৪।　প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৃটিশ প্রতিমন্ত্রীর সাক্ষাৎ**
**বাংলাদেশে যুক্তরাজ্যের বিনিয়োগ বাড়াতে প্রধানমন্ত্রীর আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ এবং যুক্তরাজ্য উভয়ের স্বার্থে বাংলাদেশে যুক্তরাজ্যের বিনিয়োগ আরো বৃদ্ধির আহ্বান জানিয়েছেন। বিশেষ করে দেশের বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলোতে তিনি এই বিনিয়োগের আহ্বান জানিয়ে বলেন, তাঁর সরকার দেশে শিল্পোন্নয়নের প্রসার এবং কর্মসংস্থান সৃষ্টির জন্য সারাদেশে একশ' বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলার যে উদ্যোগ নিয়েছে তাতে বৃটিশ উদ্যোক্তারা এগিয়ে এসে এখানে বড় ধরনের বিনিয়োগের সুযোগ গ্রহণ করতে পারে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২৯ আগস্ট সোমবার বিকেলে তাঁর সরকারি বাসভবন গণভবনে যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়ন সম্পর্কিত বিভাগের প্রতিমন্ত্রী রোরি স্টুয়ার্টের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এ আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৫।　ধর্মনিরপেক্ষতার অর্থ ধর্মহীনতা নয় : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, সংবিধানের অন্যতম মূলনীতি ধর্মনিরপেক্ষতার অর্থ কখনোই নাস্তিকতা বা ধর্মহীনতা নয়। বরং এটি সব ধর্মের সহাবস্থান ও ধর্মচর্চার অধিকারের স্বীকৃতি দেয়। গতকাল ২৯ আগস্ট সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবন মিলনায়তনের রিসার্চ অ্যান্ড ডিভেলপমেন্ট কালেক্টিভ এবং



ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত দুই দিনব্যাপী 'দক্ষিণ এশিয়ায় ধর্মনিরপেক্ষতা, গণতন্ত্র ও নারী পুরুষ সমতা' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের সমাপনী অধিবেশনে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১১,ক.১)।

**৬।　রাজধানী থেকে কোরবানির বর্জ্য ৪৮ ঘন্টার মধ্যে অপসারণ হবে**
**: ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র**

রাজধানী থেকে কোরবানির বর্জ্য ৪৮ ঘন্টার মধ্যে অপসারণ করা হবে। এ লক্ষ্যে সিটি করপোরেশনের পক্ষ থেকে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। গতকাল ২৯ আগস্ট সোমবার মেয়র মোহাম্মদ হানিফ স্মৃতি সংসদের উদ্যোগে জাতীয় শোক দিবসের আলোচনায় ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র সাঈদ খোকন এ কথা বলেন। তিনি বলেন, কোরবানির বর্জ্য যত্রতত্র না ফেলে সিটি করপোরেশনের নির্ধারিত জায়গায় ফেলবেন। আপনাদের সহযোগিতা পেলে দ্রুত নগরবাসীর জন্য পরিচ্ছন্ন নগরী উপহার দিতে পারব। সূত্র- **সমকাল** (পৃ.৪,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.১)।

**৭।　তিন তথ্য কর্মচারীকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অনুদানের চেক হস্তান্তর**

প্রধান তথ্য অফিসার এ কে এম শামীম চৌধুরী গতকাল ২৯ আগস্ট সোমবার তথ্য অধিদফতরের তিন কর্মচারীর মধ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর প্রদত্ত তিনটি অনুদানের চেক হস্তান্তর করেন। প্রধান তথ্য অফিসার তথ্য অধিদফতরের পক্ষ থেকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সরকারি কর্মচারীদের উদ্দেশে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার সরকারি কর্মচারীদের প্রতি অত্যন্ত সদয় এবং তাদের ব্যক্তিগত ও পারিবারিক জীবনে সুখ-সমৃদ্ধির জন্য কাজ করে যাচ্ছে। এ প্রসঙ্গে তিনি কর্মচারীদের বেতন ভাতা বৃদ্ধি, স্বল্প সময়ে পেনশন প্রাপ্তিসহ চিকিৎসা, শিক্ষা ও যাতায়াত ভাতা প্রদানের বিষয়টি উল্লেখ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮)।

**৮।　যুদ্ধাপরাধের মামলায় মীর কাসেমের রিভিউ আবেদনের রায় আজ**

ফাঁসির দণ্ডাদেশপ্রাপ্ত জামায়াত নেতা মীর কাসেম আলীর করা আপিল বিভাগের চূড়ান্ত রায় পুনর্বিবেচনার (রিভিউ) আবেদনের রায় আজ ৩০ আগস্ট মঙ্গলবার ঘোষণা করা হবে। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বে পাঁচ সদস্যের আপিল বিভাগের বেঞ্চ গত ২৮ আগস্ট রোববার উভয় পক্ষের শুনানি শেষে রায়ের জন্য এ দিন

ধার্য করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৯। কলকাতায় বাংলাদেশ বইমেলা আগামী ১ সেপ্টেম্বর থেকে শুরু**

'বইয়ের বন্ধুত্ব সীমানা ছাড়িয়ে' শীর্ষক স্লোগানে আগামী ১ সেপ্টেম্বর থেকে ১০ সেপ্টেম্বর পর্যন্ত ভারতের কলকাতায় শুরু হচ্ছে ১০ দিন ব্যাপী 'বাংলাদেশ বইমেলা-২০১৬'। ষষ্ঠবারের মতো আয়োজিত মেলায় বাংলাদেশের ৫০টি প্রকাশনা প্রতিষ্ঠান অংশ নেবে। বাংলাদেশের বই এবং লেখকদের ভারতের পশ্চিমবঙ্গে পরিচিত করানোর উদ্দেশে এই মেলার আয়োজন করা হয়েছে। গতকাল ২৯ আগস্ট সোমবার সচিবালয়ে তথ্য অধিদফতরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংস্কৃতি সচিব আকতারী মমতাজ এ তথ্য জানিয়ে বলেন, আগামী ১ সেপ্টেম্বর বিকেল ৫টায় মেলার উদ্বোধন করবেন ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

**১০। কল ড্রপে বছরে গ্রাহকদের ক্ষতি সাড়ে ৩০০ কোটি টাকা**

কল ড্রপের কারণে বছরে গ্রাহকদের মোট ক্ষতি হচ্ছে তিন'শ ৪৫ কোটি ৬০ লাখ টাকা। এ কথা বলেছে বাংলাদেশ মুঠোফোন গ্রাহক এসোসিয়েশন। সংগঠনের সভাপতি মহিউদ্দীন আহমেদ গতকাল ২৯ আগস্ট সোমবার এক বিবৃতিতে এই দাবি জানান। তিনি বলেন, বর্তমানে দেশে নিবন্ধিত গ্রাহকের সংখ্যা ১১ কোটি ৭০ লাখ। প্রতিদিন কল ড্রপ হয় ১ কোটি ৬০ লাখ মিনিট। বিবৃতিতে বলা হয়, মুঠোফোন কল ড্রপ একটি অনিয়ম হলেও মুঠোফোন অপারেটরগুলো এ ব্যাপারে কোনো উদ্যোগ না নেওয়ায় গ্রাহকদের বিপুল পরিমাণ অর্থ খরচ হচ্ছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ইনকিলাব** (**শেষ** পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

**১১। পোশাক শ্রমিকদের কল্যাণ তহবিলে টাকা জমা দিচ্ছে না ৪৬ ব্যাংক : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

রফতানিমুখী পোশাক শিল্পের শ্রমিকদের কল্যাণের জন্য সরকার কর্তৃক গঠিত তহবিলে নির্দেশনা অমান্য করে টাকা জমা দিচ্ছে না ৪৬টি ব্যাংক। ঋণপত্র (এলসি) নগদায়নের সময় রফতানি মূল্যের শতকরা ৩ পয়সা হারে অর্থ কেটে নিয়ে তা 'কেন্দ্রীয় তহবিল (আরএমজি সেক্টর)' শীর্ষক হিসাবে জমা করার কথা। কিন্তু ১০ ব্যাংক



ছাড়া ওই নির্দেশনা অন্য ব্যাংক পরিপালন করছে না। নির্দেশনা পরিপালনের জন্য গত ২৮ আগস্ট রোববারব্যাংকগুলোকে নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। সূত্র জানায়, শতভাগ রফতানিমুখী তৈরী পোশাক শিল্পের শ্রমিকদের জন্য কেন্দ্রীয় কল্যাণ ফান্ড গঠন করেছে সরকার। পরবর্তী মাসের ৭ দিনের মধ্যে জমা সংক্রান্ত তথ্য তহবিল পরিচালনা কমিটিকে জানানোর নির্দেশনা রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এক জরুরি সভায় যে কোনো সরকারি বা বেসরকারি হাসপাতাল বা ক্লিনিক সড়ক দুর্ঘটনায় আহত কোনো রোগীকে জরুরি চিকিৎসাসেবা থেকে ফিরিয়ে দিতে পারবেনা এ সিদ্ধান্ত গৃহীত হওয়ার কথা উল্লেখ করে সকল ক্ষেত্রে এ সিদ্ধান্তটি যাতে যথাযথভাবে পালিত হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**খ.** **প্রথম আলো :** বিশ্ববাজারের সঙ্গে সঙ্গতি রেখে জ্বালানি তেলের মূল্য কমানোর আহ্বান।

**গ.** **সংবাদ** : গণতান্ত্রিক সমাজ ব্যবস্থা কায়েম করতে হলে গুম বা অপহরণের মতো ঘটনা সমাজে যেন না ঘটতে পারে রাষ্ট্রকে সেক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **সমকাল :** রাজধানী ঢাকাসহ দেশের মহানগরগুলোতে যানজট সমস্যা অসহনীয় মাত্রায় পৌঁছে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে যানজট নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **ডেইলি সান, নিউ নেশন, ডেইলি স্টার, নিউ এজ, যুগান্তর, প্রথম আলো, সংবাদ,ভোরের কাগজ :** বখাটে দুর্বৃত্তের হাতে উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের ছাত্রীর প্রাণহানির ঘটনায় নারী ও শিশুর নিরাপত্তা বিষয়টি নতুন করে প্রশ্নের সম্মুখীন করেছে বলে উল্লেখ করে দ্রুত খুনিকে গ্রেপ্তার করে যথোপযুক্ত শাস্তি নিশ্চিত করার সুপারিশ।

চ. **অবজারভার, নিউজ টুডে, যুগান্তর :** মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী জন কেরির বাংলাদেশ সফরের মধ্য দিয়ে দু'দেশের পারস্পরিক বোঝাপড়া বৃদ্ধি পাবে এবং দু'দেশের সম্পর্ক নতুন পর্যায়ে উন্নীত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** শিশুদের খেলনায় উচ্চ মাত্রায় বিষাক্ত হেভি মেটাল থাকার বিষয় তুলে ধরে দীর্ঘদিন এ ধরনের খেলনা ব্যবহারের ফলে শিশুর শারীরিক বৃদ্ধি ও শরীরের অঙ্গ-প্রতঙ্গ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা প্রকাশ।

জ. **নিউ নেশন :** ভেজাল ও নিম্নমানের সার ব্যবহারে জমির উর্বরাশক্তি কমে যাওয়ায় জমিতে অর্গানিক সারের ব্যবহার বাড়াতে উৎসাহিত করার ব্যবস্থা করার আহ্বান।

ঝ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** আসন্ন ঈদুল আজহায় দেশীয় গরু ক্রয়-বিক্রয় নিরাপদ রাখতে ও দেশীয় খামারীদের উৎসাহিত করতে ভারত ও মায়ানমার থেকে গরু চোরাচালান প্রতিরোধে যথাযথ কর্তৃপক্ষকে ক্রস-বর্ডার সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে মানুষের ঘৃণা, সরকারের সদিচ্ছা ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতার মধ্য দিয়ে এদেশে জঙ্গিবাদের মূলোচ্ছেদ সম্ভব বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'হাওরে নজর দিন'** শিরোনামের নিবন্ধে এসএমমুকুল মৎস্য চাষ আর কৃষিভিত্তিক প্রকল্প গড়ে তোলার অপার দিগন্ত হাওরের উন্নয়নে সরকারি-বেসরকারি এবং সংশ্লিষ্ট সব সংস্থার যৌথ সমন্বয়ের মাধ্যমে বিভিন্ন কার্যক্রমের উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা